



পে ইট অফ 2023 এর প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQ) পত্র

দ্রষ্টব্য: পে ইট অফ-এর জন্য যোগ্য হতে, ভারপ্রাপ্ত নন এমন বাবা-মায়েদের NYC ডিপার্টমেন্ট অফ সোশাল সার্ভিসেস (NYC DSS)-এর কাছে স্থায়ীভাবে ঋণ থাকতে হবে। আরো তথ্যের জন্য FAQ #3 দেখুন।

1. আমি এই ক্লামারটি কেন পেয়েছি?

আপনি এই ক্লামারটি পেয়েছেন কারণ আপনার চাইল্ড সাপোর্ট-এ অন্তত \$1,000 ঋণ আছে এবং তার মধ্যে অন্তত \$500 ঋণ NYC সরকার/ডিপার্টমেন্ট অফ সোশাল সার্ভিসেস (Department of Social Services, DSS)-এর কাছে আছে। NYC সীমিত সময়ের একটি অফার দিচ্ছে, যাতে আপনি আপনার বকেয়া চাইল্ড সাপোর্ট ঋণটি কমাতে পারেন।

2. কীভাবে এই প্রোগ্রামটি কাজ করে?

1 জুন 2023 থেকে 30 জুন 2023 তারিখের মধ্যে ন্যূনতম \$500 পেমেন্ট করুন এবং পে ইট অফ চুক্তি স্বাক্ষর করুন ও জমা দিন। চাইল্ড সাপোর্ট পরিষেবা অফিস (OCSS) এরপরে একই পরিমাণে আপনার ঋণ কমিয়ে (আপনার পাওনা যতটা আছে ততটা পর্যন্ত) আপনার পেমেন্টের সাথে অ্যাডজাস্ট করে দেবে।

এখানে একটি উদাহরণ দেওয়া হল:



উদাহরণ	1 জুন থেকে 30 জুন 2023 তারিখের মধ্যে করা পে ইট অফ পেমেন্ট	\$600
যোগ (+)	ম্যাচ করা পরিমাণ	\$600
মোট (=)	চাইল্ড সাপোর্ট ঋণ-এ প্রয়োগ করা মোট পরিমাণ	<u>\$1,200</u>

3. NYC ডিপার্টমেন্ট অফ সোশাল সার্ভিসেস (DSS)-এর কাছে স্থায়ী ঋণ বলতে কী বোঝানো হয়েছে?

যখন কোনো শিশু নগদ সহায়তার ওপর নির্ভর করে এবং যদি ভারপ্রাপ্ত নন এমন বাবা-মা আদালতের নির্দেশমতো পেমেন্ট বকেয়া রাখেন তখন এটি DSS-এর কাছে বকেয়া চাইল্ড সাপোর্ট ঋণ হিসেবে থাকে।

4. আমি কীভাবে পেমেন্ট করতে পারি?

আপনি যেভাবেই পেমেন্ট করার সিদ্ধান্ত নিন না কেন, আমরা একটি স্বাক্ষরিত পে ইট অফ চুক্তিপত্র না পেলে পেমেন্টটিকে ম্যাচ করতে পারব না। ক্রেডিট পাওয়ার জন্য প্রতিটি কেসের জন্য একটি পৃথক চুক্তিপত্র প্রয়োজন।

পেমেন্ট করার চারটি উপায় রয়েছে:

- 1) চেক, ক্রেডিট/ডেবিট কার্ড, বা মানি অর্ডার সহ **সশরীরে** -

151 W. Broadway, 5th floor
New York, NY 10013

সোমবার – শুক্রবার, সকাল 9টা থেকে বিকাল 5টা (ছুটির দিন ও সপ্তাহান্ত ব্যতীত)

আপনি এছাড়া আমাদের পাঁচটি OCSS ফ্যামিলি কোর্ট অফিসের যে কোনো একটিতে যেতে পারেন এবং একটি ক্রেডিট/ডেবিট কার্ড ব্যবহার করে পেমেন্ট করতে পারেন: <https://on.nyc.gov/contactocss>।

- 2) NYC ACCESS HRA চাইল্ড সাপোর্ট মোবাইল অ্যাপ ব্যবহার করে **অনলাইনে**: www.nyc.gov/childsupportmobile

- 3) একটি চেক বা মানি অর্ডারের মাধ্যমে **ডাকযোগে** -

OCSS – Pay It Off
PO Box 830
Canal Street Station
New York, NY 10013

- 4) **ফোনে ক্রেডিট** কার্ড দিয়ে পেমেন্ট করার জন্য 929-252-5201 নম্বরে ফোন করুন

- ক্রেডিট পাওয়ার জন্য পেমেন্ট অবশ্যই 30 জুন, 2023 এর আগে করতে হবে।
on.nyc.gov/paymentmethods-এ কীভাবে পেমেন্ট করবেন সেই সম্পর্কে আরো জানুন।
- পেমেন্ট চুক্তিপত্রের সাথে একত্রে করতে হবে। চুক্তিপত্রটি আলাদাভাবে জমা দিলে, কখন এবং কীভাবে পেমেন্ট জমা দেওয়া হবে তা জানান।
- একাধিক কেসের ক্ষেত্রে, প্রতিটি কেস পিছু একটি পৃথক পেমেন্ট এবং একটি পৃথক চুক্তি জমা দিন।
- আপনার চেক কাটুন “NYS Child Support Processing Center”-এর নামে।
- আপনার চাইল্ড সাপোর্ট কেস I.D. অন্তর্ভুক্ত করুন এবং আপনার পেমেন্টে “Pay It Off” এর উল্লেখ করুন।



দ্রষ্টব্য: একটি গার্নিশমেন্ট (যেমন বেকারত্ব বীমা এবং পে-চেক গার্নিশমেন্ট/আয় আটকে রাখার আদেশ (IWO)), বাজেয়াপ্ত করা, বা ট্যাক্স বাজেয়াপ্ত করার মাধ্যমে সংগৃহীত অর্থ অ্যাডজাস্ট করা হবে না।

5. যদি আমার কেবলমাত্র ভারপ্রাপ্ত বাবা-মা-এর কাছে ঋণ থাকে এবং DSS-র কাছে না থাকে তাহলে আমি কেন প্রোগ্রামের জন্য যোগ্য নই?

OCSS-এর কাছে কেবলমাত্র প্রশাসনিকভাবে সরকার/DSS-এর কাছে বকেয়া ঋণ কমানোর অনুমোদন আছে।

পে ইট অফ-এ অংশগ্রহণ করতে, আপনার অবশ্যই স্থায়ীভাবে NYC DSS-এর কাছে ন্যূনতম \$500 এর চাইল্ড সাপোর্ট ঋণ থাকতে হবে। যদি, আপনার অন্তত \$1000 বকেয়া না থাকে তাহলে আপনি পুরো ম্যাচটি পাবেন না, কারণ যদি আপনার শুধুমাত্র \$500 বকেয়া থাকে এবং আপনি পুরোপুরি \$500 পেমেন্ট করেন তবে কোনো ম্যাচ হবে না। যদি আপনার শুধুমাত্র ভারপ্রাপ্ত বাবা-মায়ের কাছে কোনো বকেয়া ঋণ থাকে (, তাহলে আপনি অংশগ্রহণ করতে পারবেন না।

একটি মধ্যস্থতা প্রোগ্রামে অংশগ্রহণ করা হলে তা ভারপ্রাপ্ত মা-বাবার সাথে তাদের বকেয়া ঋণ কমানোর কথা বিবেচনা করার ব্যাপারে কথোপকথন শুরু করার একটি জায়গা হতে পারে। আমাদের ওয়েবসাইটে মধ্যস্থতা পরিষেবার ক্লায়ার দেখুন:

bit.ly/MediationBrochure।

6. আমি যদি ন্যূনতম \$500 দিতে না পারি তাহলে কী হবে?

এই নির্দিষ্ট প্রোগ্রামটির জন্য আপনাকে বকেয়ার ন্যূনতম \$500 পেমেন্ট করতে হবে যাতে এই সীমিত সময়ের অফারের লাভ পেতে পারেন।

যদিও, আপনার চাইল্ড সাপোর্ট ঋণের ক্ষেত্রে করা পেমেন্ট আপনাকে অন্যদিক থেকে সুবিধা এনে দেবে। আপনি প্রযোজ্য অন্য কোনো পদক্ষেপ লাগু হওয়ার হাত থেকে এড়িয়ে যেতে পারবেন। আপনি আমাদের বকেয়া ক্রেডিট প্রোগ্রামের জন্যও সাইন আপ করতে পারেন, যেখানে আপনাকে এক বছরের জন্য আপনার আদালত-নির্দেশিত বাধ্যতামূলকমাসিক চাইল্ড সাপোর্ট অর্থ পরিশোধ করতে হবে এবং পরিশেষে আপনার \$5,000 ঋণ কমানো হবে। নিচে দেওয়া FAQ #7 এবং #8 পড়ে আপনি এই বিষয়ে আরও বিস্তারিত জানতে পারবেন।

7. বকেয়া ক্রেডিট প্রোগ্রাম কী?

বকেয়া ক্রেডিট প্রোগ্রাম আপনাকে আপনার স্থায়ীভাবে-সহায়তা প্রাপ্ত DSS বকেয়ার \$5,000 পর্যন্ত ঋণ কমাতে সহায়তা করবে, যদি আপনি বকেয়া ক্রেডিট প্রোগ্রাম চুক্তি স্বাক্ষর করার দিন থেকে শুরু করে সম্পূর্ণ এক বছর ধরে ধারাবাহিকভাবে আপনার আদালত নির্দেশিত বাধ্যতামূলক অর্থ সম্পূর্ণ পরিশোধ করেন। 3 বছর পর্যন্ত আপনার যোগ্যতা থাকতে পারে এবং মোট \$15,000 পর্যন্ত ঋণ কমাতে পারে।

যদি আপনি বকেয়া ক্রেডিট প্রোগ্রামে নথিভুক্ত হন এবং ওই একই সময়ে যদি আপনি পে ইট অফ-এ অংশগ্রহণ করেন এবং আপনাকে যোগ্য মনে করা হয়, তাহলে আপনি NYC সরকার/DSS-এর কাছে অতিরিক্ত \$2,500 পর্যন্ত ঋণ কমানোর জন্য যোগ্য হতে পারবেন

এখানে একটি উদাহরণ দেওয়া হল:



উদাহরণ	1 জুন থেকে 30 জুন 2023 তারিখের মধ্যে করা পেমেন্ট(গুলি)	\$500
যোগ (+)	ম্যাচ করা পরিমাণ	\$500
যোগ (+)	স্বাক্ষরিত বকেয়া সীমার চুক্তি	\$2,500
মোট (=)	চাইল্ড সাপোর্ট ঋণ-এ প্রয়োগ করা মোট পরিমাণ	\$3,500
যোগ (+)	জুন 2024-এ যদি চাইল্ড সাপোর্ট পেমেন্ট করা হয়	\$5,000
যোগ (+)	জুন 2025-এ যদি চাইল্ড সাপোর্ট পেমেন্ট করা হয়	\$5,000
যোগ (+)	জুন 2026-এ যদি চাইল্ড সাপোর্ট পেমেন্ট করা হয়	\$5,000

মোট (=) DSS ঋণ হ্রাস করতে মোট যতটা প্রয়োগ করা হল

\$18,500

ভারপ্রাপ্ত নন বাবা-মা, যাদের একাধিক অ্যাকাউন্ট আছে, তাদের ক্ষেত্রে উপযুক্ত ভাবে প্রতিটি অ্যাকাউন্টে অতিরিক্ত ক্রেডিট প্রয়োগ করা হতে পারে।

8. এর মানে কি এই যে, যদি আমি আমি Pay It Off প্রোগ্রামে যোগ দেওয়ার সময় বকেয়া ক্রেডিট প্রোগ্রামে নথিভুক্ত হই তাহলে আমার বকেয়ার পরিমাণ থেকে অতিরিক্ত \$2,500 কমবে,?

হ্যাঁ। পে ইট অফ-এর সময় একটি বকেয়া ক্রেডিট প্রোগ্রাম (ACP) চুক্তিতে স্বাক্ষর করা হলে অতিরিক্ত \$2,500 ঋণ হ্রাস তৎক্ষণাৎ করা হয়। এক বছর ধরে ধারাবাহিকভাবে এবং সম্পূর্ণভাবে বর্তমান চাইল্ড সাপোর্ট-এর পরিমাণটি পেমেন্ট করলে তবেই বকেয়া ক্রেডিট প্রোগ্রামের মাধ্যমে যোগ্য হলে আপনি \$5,000 ক্রেডিট পেতে পারবেন। সেই বছরটি শুরু হবে যেদিন আপনি বকেয়া ক্রেডিট প্রোগ্রাম চুক্তিটি স্বাক্ষর করবেন সেই তারিখ থেকে। আপনি হয়ত 3 বছর পর্যন্ত যোগ্য থাকতে পারবেন এবং মোট \$15,000 পর্যন্ত ক্রেডিট পেতে পারবেন। উপরের FAQ #7 -এ উদাহরণটি দেখুন।

9. আমি কি 1 জুন থেকে 30 জুন 2023 তারিখের মধ্যে একাধিক পেমেন্ট করতে পারি? উদাহরণস্বরূপ, যদি আমি প্রোগ্রামের প্রথম সপ্তাহে \$1,000 পেমেন্ট করি এবং প্রোগ্রামের দ্বিতীয় সপ্তাহে আমি আবার \$1,000 পেমেন্ট করি, তাহলে কি আমি দুটি পেমেন্ট করতে পারব?

হ্যাঁ, আপনি 1 জুন থেকে 30 জুন 2023 তারিখের মধ্যে একাধিক পেমেন্ট করতে পারবেন, যতক্ষণ পর্যন্ত পেমেন্টগুলি 30 জুন, 2023 এর মধ্যে করা হচ্ছে, সব মিলিয়ে সেগুলি \$500-এর বেশি হচ্ছে এবং আপনি প্রোগ্রাম শেষ হওয়ার তারিখের মধ্যে প্রতিটি পেমেন্ট পিছু একটি চুক্তি স্বাক্ষর করে পাঠাচ্ছেন।

10. আমি কীভাবে পে ইট অফ চুক্তি এবং/অথবা বকেয়া ক্রেডিট প্রোগ্রামে আবেদনমপত্র জমা দেব?

শুরু করতে,

1. পে ইট অফ চুক্তি ডাউনলোড করুন এখানে: nyc.gov/payitoff। আপনি হয়তো ডাকযোগে একটি পেয়েছেন।
2. চুক্তিপত্রটি সম্পূর্ণ করে স্বাক্ষর করুন। ক্রেডিট পাওয়ার জন্য প্রতিটি কেসের জন্য একটি পৃথক চুক্তিপত্র প্রয়োজন।
3. নিচে যেভাবে দেওয়া আছে এটিকে সেভাবে জমা করুন:

dcse.cseweb@dfa.state.ny.us-এ ইমেলের মাধ্যমে, ইমেল আপনার কেস ID এবং “Pay It Off” লিখতে ভুলবেন না

ডাকযোগে নিম্নলিখিত ঠিকানায়:

OCSS – Pay It Off
PO Box 830
Canal Street Station




New York, NY 10013

সশরীরে উপস্থিত হয়ে:

151 W. Broadway, 4th floor

New York, NY 10013

এ সোমবার থেকে শুক্রবার সকাল ৮ টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত (ছুটির দিন এবং সপ্তাহের শেষ দুদিন ব্যতীত)



আপনি বকেয়া ক্রেডিট প্রোগ্রাম-এর আবেদনপত্র ডাউনলোড করতে পারবেন এখানে: bit.ly/ArrearsCreditApp। সেটিকে পে ইট অফ-এর সাথে উপরে উল্লিখিত পদ্ধতিতে জমা দিন।

11. আমি যদি আমার পেমেন্ট জমা দিই কিন্তু ছুটি সই না করি, তাহলে কী হবে?

ছুটি স্বাক্ষর না করলে আপনি পে ইট অফ ম্যাচের জন্য যোগ্য হবেন না। আপনাকে 30 জুন 2023 তারিখের আগে ছুটিটি পূরণ করে, স্বাক্ষর করে জমা দিতে হবে। FAQ #10 দেখুন।

12. আমার ঋণে কত টাকা বকেয়া আছে?

আপনার অ্যাকাউন্টের ব্যালেন্স জানতে OCSS-এর সাথে যোগাযোগ করুন:

- **ইমেল:** dcse.cseweb@dfa.state.ny.us। অনুগ্রহ করে, আপনার ইমেল অনুসন্ধানে আপনার চাইল্ড সাপোর্ট কেস নম্বরটি অন্তর্ভুক্ত করুন।
- এই ঠিকানায়- dcse.cseweb@dfa.state.ny.us ইমেল করে একজন গ্রাহক পরিষেবা কেসওয়ার্কারের সাথে একটি ফোন অ্যাপয়েন্টমেন্টের **অনুরোধ** জানান অনুগ্রহ করে আপনার নাম, Child Support কেস নম্বর, আপনার উদ্বেগের বিবরণ, ফোন নম্বর এবং আপনার সাথে যোগাযোগ করার সেরা সময় দিন। আপনার ইমেল-এর বিষয় হিসাবে লিখবেন “গ্রাহক পরিষেবার সাথে একটি অ্যাপয়েন্টমেন্টের অনুরোধ করা হচ্ছে।” লিখুন।
- New York State Child Support Helpline নম্বর 888-208-4485-এ **ফোন করুন**।
- **ডাকযোগে** আমাদের OCSS, PO Box 830, Canal Street Station, New York, NY 10013 ঠিকানায় পাঠান।
- **চলে আসুন** 151 W. Broadway, 4th floor, New York, NY 10013 এ (সোমবার থেকে শুক্রবার সকাল ৮ টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত ছুটির দিন এবং সপ্তাহের শেষ দুদিন ব্যতীত)

13. যদি আমি \$500 পেমেন্ট করি, তাহলে আমার ঋণে তার কতটা জমা হবে?

এটি নির্ভর করবে আপনার নির্দিষ্ট কেসের উপর। উদাহরণস্বরূপ, যদি আপনি \$500 পেমেন্ট করেন, তখন যতটা আপনার ঋণ আছে তার মধ্যে আপনার ঋণ \$1,000 পর্যন্ত কমতে পারে। FAQs #2 এবং #7-এ দেওয়া উদাহরণ আপনার জন্য সহায়ক হতে পারে।

14. যদি DSS এবং ভারপ্রাপ্ত বাবা-মা উভয়ের কাছেই আমার ঋণ থাকে তাহলে কে অর্থটি পাবেন?

অর্থটি বন্টন করা হবে ফেডারাল বন্টনের নিয়ম অনুযায়ী। আপনার কেসের বিষয়ে বিস্তারিত জানতে, আপনি এইগুলি করতে পারেন:

- dcse.cseweb@dfa.state.ny.us-এ **ইমেল করুন**। অনুগ্রহ করে, আপনার ইমেল অনুসন্ধানে আপনার চাইল্ড সাপোর্ট কেস নম্বরটি অন্তর্ভুক্ত করুন। কেউ আপনাকে ফোন করবেন অথবা আপনার মেলের উত্তর দেবেন।
- এই ঠিকানায়- dcse.cseweb@dfa.state.ny.us **ইমেল করে** একজন গ্রাহক পরিষেবা কেসওয়ার্কারের সাথে একটি ফোন অ্যাপয়েন্টমেন্টের **অনুরোধ** জানান। অনুগ্রহ করে আপনার নাম, চাইল্ড সাপোর্ট কেস নম্বর, আপনার উদ্বেগের বিবরণ, ফোন নম্বর এবং আপনার সাথে যোগাযোগ করার সেরা সময় দিন। আপনার ইমেল-এর বিষয় হিসাবে লিখবেন “পে ইট অফ গ্রাহক পরিষেবার সাথে একটি অ্যাপয়েন্টমেন্টের অনুরোধ জানানো” আ।
- New York State Child Support Helpline নম্বর 888-208-4485-এ **ফোন করুন**।
- **ডাকযোগে** আমাদের “OCSS – Pay It Off, PO Box 830, Canal Street Station, New York, NY 10013” ঠিকানায় পাঠান।
- **চলে আসুন** 151 W. Broadway, 4th floor, New York, NY 10013 এ (সোমবার থেকে শুক্রবার সকাল ৮ টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত ছুটির দিন এবং সপ্তাহের শেষ দুদিন ব্যতীত)

15. যদি আমার ঋণ অন্য একটি স্টেট বা দেশের কাছে হয়, তাহলে কি আমি এই প্রোগ্রামের জন্য যোগ্য হব?

না, এই প্রোগ্রামের অ্যাডজাস্টমেন্ট শুধুমাত্র NYC সরকার/ডিপার্টমেন্ট অফ সোশাল সার্ভিস (DSS)-এর কাছে বকেয়া অর্থের মধ্যে সীমাবদ্ধ করা আছে।

16. যদি আমি আগের বছরে অংশগ্রহণ করে থাকি তাহলেও আমি কি পে ইট অফ প্রোগ্রামে এই বছরে অংশগ্রহণ করার জন্য যোগ্য?

হ্যাঁ।

17. যদি আমার জন্য DSS-এর কাছে প্রদেয় সুদ সহ অর্থ পরিশোধ করার একটি আদালতের রায় থাকে তাহলে কী হবে?

যদি সুদ ছাড়াই NYC DSS-এর কাছে রায়ে নির্দেশিত বকেয়া মূল অর্থরাশি সম্পূর্ণরূপে পরিশোধ করা হয়, তাহলে OCSS-ও সমস্ত বকেয়া সুদ মকুব করে দেবে।

আপনার কি শারীরিক বা মানসিকভাবে কোনো অসুবিধা আছে বা প্রতিবন্ধকতায়ুক্ত ব্যক্তি? এই অবস্থার কারণে এই বিস্তৃতি বুঝতে কি আপনার অসুবিধা হচ্ছে অথবা এই বিস্তৃতিতে যা করতে বলা আছে তা করতে পারছেন না? এই অবস্থা কি আপনার পক্ষে HRA-তে অন্যান্য পরিষেবাগুলি পাওয়া কঠিন করে তুলছে? **আমরা আপনাকে সাহায্য করতে পারি।**

718-557-1399 নম্বরে আমাদের ফোন করুন। আপনি যখন HRA অফিসে আসবেন তখনও সাহায্য চাইতে পারেন। আইন মোতাবেক এই ধরনের সাহায্য চাওয়ার অধিকার আপনার আছে।